24 SEP 1990
পৃষ্ঠা... ২ ... কলাম ... ১

13

দৈনিক খবর

# বিজ্ঞান ও কারিগরি শিক্ষার সম্মিলিত প্রয়াস প্রয়োজন

## —প্রধানমন্ত্রী

বাসস জানায় ঃ প্রধানমন্ত্রী কাজী জাফর আহমেদ সার্কভুক্ত দেশসমূহের ছাত্রদের সম্মিলিত সুফলের জন্য বিজ্ঞান ও কারিগরি শিক্ষার প্রসারে সহযোগিতা ও সম্মিলিত প্রয়াসের প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব আরোপ করেছেন। তিনি বলেন, সামাজিক পরিবর্তনের গতির কারণে পুরানো শিক্ষাব্যবস্থার আমূল পরিবর্তনের প্রয়োজন দেখা দিয়েছে এবং জীবনের জটিলতা বৃদ্ধি বিজ্ঞান ও কারিগরি জ্ঞান অর্জনের জন্য এক চ্যালেঞ্জ হয়ে দাড়িয়েছে।

শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বে নিযুক্ত প্রধানমন্ত্রী গতকাল রোববার আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে সার্ক শিক্ষাবিষয়ক কারিগরি কমিটির দ্বিতীয় বৈঠক উদ্বোধন করছিলেন। ৩ দিনব্যাপী এ বৈঠকের উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে রাষ্ট্রপতির প্রাথমিক শিক্ষাবিষয়ক উপদেষ্টা মোহাম্মদ মনসুর আলী সরকার, শিক্ষা সচিব ও বৈঠকের চেয়ারম্যান এএনএম ইউসুফ আলী ও শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জামিল চৌধুরী বক্তৃতা করেন। ভুটান, ভারত, মালদ্বীপ, নেপাল, পাকিস্তান, শ্রীলংকা ও স্বাগতিক বাংলাদেশের প্রতিনিধিরা এতে অংশ নিচ্ছেন। বৈঠক ১২টি কারিগরি অধিবেশনে ভাগ করা হয়েছে।

কাজী জাফর বলেন, রাষ্ট্রপতি এরশাদের অনুপ্রেরণাদায়ক নেতৃত্বে বিনাবেতনে প্রাথমিক শিক্ষা এবং একে সকলের জন্যে বাধ্যতামূলক করা হয়েছে। তিনি বলেন, সরকার আগামী ৫ বছরের মধ্যে শিক্ষিতের হার অন্ততঃ ৫০ শতাংশে উন্নীত করার পরিকল্পনা গ্রহণ করেছেন এবং আগামী শতাব্দীর শুরুতে সকলের মাঝেই শিক্ষা পৌছে দেয়া যাবে বলে আমরা বিশ্বাস করি।

তিনি বলেন, এসব কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য সরকার ১৯৯১ সালের জুলাই মাসের মধ্যে সাড়ে চার হাজার প্রাইমারী স্কুল স্থাপনের কর্মসূচী গ্রহণ করেছেন। এই লক্ষ্যে রাষ্ট্রপতি এরশাদ চলতি অর্থবছরে শিক্ষা বাজেটের বাইরেও ১০০ কোটি টাকা মঞ্জুর করেছেন।

মহিলা শিক্ষা প্রসঙ্গে তিনি বলেন, মহিলাদের শিক্ষার প্রসারের জন্য সরকার পৌর এলাকার বাইরে ও পশ্চাৎপদ পার্বত্য জেলাসমূহে ৮ম শ্রেণী পর্যন্ত মেয়েদের জন্য বিনাবেতনে শিক্ষার ব্যবস্থা করেছেন।

কাজী জাফর নিরক্ষরতা পুরোপুরি দূর করার জন্য অভিন্ন কৌশল গ্রহণ করতে সার্ক দেশসমূহের প্রতি আহবান জানান।

মনসুর আলী সরকার বলেন, পুরো বিশ্ব নিরক্ষরতা দূর করার প্রতি মনোনিবেশ করেছে এবং থাইল্যান্ডের জমতিয়েনে শিক্ষা সংক্রান্ত এক বিশ্ব সম্মেলনের মাধ্যমে ৪টি আন্তর্জাতিক সংগঠন ইউনেস্কো, ইউনিসেফ, ইউএনডিপি ও বিশ্ব ব্যাংক এক নতুন প্রয়াসের আহবান জানিয়েছে।

সার্ক মহাসচিব কেকে ভরগাভার একটি বার্তা বৈঠকে পড়ে শোনানো হয়।